# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

**প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর**
পানি ভবন, লেভেল-৫, ব্লক-এইচ
৭২ গ্রীনরোড, ঢাকা-১২১৫।
ফোন : ০২২২২২৩০১০০
E-mail: cmonitoring@yahoo.com

**Office of the Chief Engineer, Monitoring**
Pani Bhaban, Level-5, Block-H
72 Green Road, Dhaka-1215.
Phone : 02222230100
E-mail: cmonitoring@yahoo.com

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৭.৩৯.০০১.২১-১২৭০ তারিখঃ ০৯/০৫/২০২৩ খ্রিঃ

প্রধান প্রকৌশলী
পূর্বাঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল
বাপাউবো, কুমিল্লা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল।

বিষয় : আসন্ন ঘূর্ণিঝড় (Mocha) মোকাবেলায় বাপাউবো'র উপকূলীয় এলাকাসমূহে বেড়ীবাঁধের ভাঙ্গনরোধে ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিতকরণ, নিবিড় তদারকি নিশ্চিতকরণ ও ঘূর্ণিঝড় মোকাবেলায় মাঠপর্যায়ে সার্বিক প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সর্বশেষ তথ্যানুযায়ী দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণ আন্দামান সাগরে সৃষ্ট লঘুচাপটি ঘনীভূত হয়ে সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়ে একই এলাকায় অবস্থান করছে যেটি বাংলাদেশ উপকূল হতে অদ্য ০৯/০৫/২০২৩ খ্রিঃ তারিখে প্রায় ১৬৮০ কিঃমিঃ দূরে অবস্থান করছে। এটি আরো ঘনীভূত হতে পারে যা ক্রমেই ঘূর্ণিঝড় 'মোখা' তে পরিণত হয়ে উপকূলীয় এলাকাসমূহে আঘাত করার সম্ভাবনা রয়েছে। উপকূলীয় এলাকাসমূহে বেড়ীবাঁধ স্থানীয় জনসাধারণের ফসল ও জানমাল রক্ষার্থে ঢাল হিসেবে কাজ করে। ঘূর্ণিঝড় এর প্রভাবে বেড়ীবাঁধে ভাঙ্গনজনিত কারণে জনসাধারণের জানমাল তথা গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহকে রক্ষা করার নিমিত্ত এখনই বাঁধের ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিত করে নিবিড় তদারকি করা প্রয়োজন। আসন্ন ঘূর্ণিঝড় পরিস্থিতি মোকাবেলা এবং বেড়ীবাঁধের ভাঙ্গন হতে জানমাল তথা স্থানীয় গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষার্থে সার্বিক প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন। আসন্ন ঘূর্ণিঝড় 'মোখা' এর প্রভাবে উপকূলীয় এলাকাসমূহে ভারী বৃষ্টিপাতের আশঙ্কা রয়েছে। ঘূর্ণিঝড় পরবর্তীতে উক্ত ভারী বৃষ্টিপাতের প্রেক্ষিতে সারাদেশের নদ-নদীতে পানি বৃদ্ধি পেয়ে নদীতীরে ভাঙ্গনের সৃষ্টি হতে পারে। নদীতীরের ভাঙ্গনের বিষয়ে সার্বক্ষনিক নজরদারি অব্যাহত রাখতে হবে।

এখানে উল্লেখ্য যে, বাপাউবো'র উল্লেখিত জোনসমূহে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে স্ব-স্ব কর্মস্থলে উপস্থিত থেকে এ পরিস্থিতি মোকাবেলায় সক্রিয় অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এমতাবস্থায়, স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসনের সহিত সমন্বয় করে আসন্ন ঘূর্ণিঝড় মোকাবেলায় বাপাউবো'র উপকূলীয় এলাকাসমূহে বেড়ীবাঁধের ভাঙ্গনরোধে ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিতকরণপূর্বক প্রয়োজনবোধে তাৎক্ষণিকভাবে সার্বিক প্রস্তুতি গ্রহণ ও বেড়ীবাঁধের ঝুঁকিপূর্ণ স্থানসমূহ নিবিড় তদারকি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় নির্দেশক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

০৯/০৫/২০২৩
(মোঃ রফিকুল ইসলাম চৌবে)
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৭.৩৯.০০১.২১-১২৭০/১(৩) তারিখঃ ০৯/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:
১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৭.৩৯.০০১.২১-১২৭০/ ১(৪) তারিখঃ ০৯/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

(মোঃ রফিকুল ইসলাম চৌবে)
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং
বাপাউবো, ঢাকা।